

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৫৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - নাম রাখা

بَابُ الْأُسَامِيْ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَخْنَى الْأَسْمَاءِ يَوْمَ الْقِيَامَةِ عِنْدَ اللَّهِ رَجُلٌ يُسَمَّى مَلِكَ الْأَمْلَاكِ» . رَوَاهُ الْبُخَارِيُّ. وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ قَالَ: «أَغْيَظُ رَجُلٌ كَانَ يُسَمَّى مَلِكَ الْأَمْلَاكِ لَا مَلِكَ إِلَّا لله» رَجُلُ كَانَ يُسَمَّى مَلِكَ الْأَمْلَاكِ لَا مَلِكَ إِلَّا لله»

#### বাংলা

৪৭৫৫-[৬] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন আল্লাহ তা'আলার সমীপে সবচেয়ে খারাপ নাম ঐ ব্যক্তির হবে, যাকে عَلِكَ الْأَمْلُكِ অর্থাৎ- ''রাজাধিরাজ'' বলা হবে। (বুখারী)[1]

মুসলিমের অপর বর্ণনায় রয়েছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন আল্লাহ তা'আলার নিকট সবচেয়ে অভিশপ্ত ও কলুষিত সে-ই হবে, যার নাম ''শাহানশাহ'' বা ''রাজাধিরাজ'' রাখা হয়েছিল। আল্লাহ তা'আলা ব্যতীত কেউ ''রাজাধিরাজ'' নন।

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২০৫, মুসলিম ২১-(২১৪৩), সহীহ আল আদাবুল মুফরাদ ৬৩২, মুসনাদে আহমাদ ৮১৭৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯১৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯৭৯, সহীহুল জামি' ১০৮১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ বিখ্যাত সাহাবী আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, বুখারীতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন নিকটতম নাম হবে ঐ ব্যক্তির যে নাম রাখে عاك الأصلاك "রাজাধিরাজ"। ফাতহুল বারীতে কিছু শব্দের পরিবর্তে একই রূপ বর্ণনা করা হয়। সুফ্ইয়ান বলেন, এ শব্দের ব্যাখ্যা شاه ان شاه الا



মুসলিম, আবূ দাউদ ও ইমাম তিরমিয়ী একই রূপ উল্লেখ করেন। قاضي القضاة অথবা حاكم الحكام "বিচারকদের বিচারক নাম রাখার ব্যাপারে 'আলিমদের মধ্যে মতভেদ রয়েছে।" (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ [২১৪৩]-২০)

ملك الأملاك অনেক ঘৃণিত নাম আল্লাহ তা'আলার নিকট। ইবনু আবী শায়বাহ্ তার রিওয়ায়াতে কিছু বৃদ্ধি করেছেন, যেমন বলেন باب تحريم التسمي بملك الأملاك وبملك الملوك আর فيملك الأملاك وبملك الملوك " এই শিরোনাম থেকে আমরা বুঝতে পারি এ জাতীয় নাম হারাম পর্যায়ের।

ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহিমাহল্লাহ) বলেনঃ আমি জিজ্ঞেস করেছি, আবৃ 'আমর-কে ঘৃণিত নামের প্রসঙ্গে তিনি বলেন এগুলো নাম অনেক নিকৃষ্ট। অন্য বর্ণনায় রয়েছে, اغيظ رجل على الله يوم القيامة واخبته واغيظه অর্থাৎ কিয়ামত দিবসে আল্লাহর নিকট অধিক অপছন্দনীয় ও লাঞ্ছিত হবে ঐ ব্যক্তি যার নাম যে "মালিকুল আমলাক" ও "মালিকুল মুলুক" নামে শিরোনাম যুক্ত হবে। (তুহফাতুল আহওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮৩৭; 'আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯৫৩)

শিক্ষা : এ উল্লেখিত এসব নামে শিরোনাম যুক্ত হওয়া হারাম, এগুলো আল্লাহর জন্য নির্দিষ্ট। যেমন আর রহমান ও আল কুদ্দুস ইত্যাদি। আরো রয়েছে জাহাঙ্গীর, আলমগীর, শাহজাহান, শাহানশাহ ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন